



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



স্মারক নং- ঢাশিবো/বি/অ/৩৫/নরসিংদী/২৬৩৬

তারিখ: ১৩/০২/২০২৪

বিষয়: মহামান্য আপীল বিভাগের সিভিল পিটিশন নং-৪৫৪/২০২৪ তারিখ ১৩/০২/২০২৪ ইং এর প্রদত্ত আদেশ মোতাবেক “কোহিনুর জুট মিল হাই স্কুল, ঘাগটিয়া, রায়পুরা, নরসিংদী” এর শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন ও ফরম ফিলাপ (e-SIF & e-FF) পূরণের মাধ্যমে আগামী ১৫/০২/২০২৪ ইং তারিখে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ বোর্ডকে অবহিতকরণ প্রসঙ্গে।

- সূত্র: (১) মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-১৩৭১৫/২০২২ তারিখ ০৬/০৪/২০২৩ ইং এর প্রদত্ত আদেশ।
- (২) বোর্ড কর্তৃক প্রেরিত পত্রের স্মারক নং- ঢাশিবো/বি/অ/১৪৬/নরসিংদী/৫৫৯ তারিখ ১৭/০৪/২০২৩ ইং এর আদেশ।
- (৩) মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-১৩৭১৫/২০২২ তারিখ ৩১/০৮/২০২৩ ইং এর প্রদত্ত আদেশ।
- (৪) মহামান্য সুপ্রীম কোর্টের এ্যাপিলিয়েট ডিভিশনে দায়েরকৃত সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং- ৪৫৪/২০২৪ তারিখ ১৩/০২/২০২৪ ইং এর প্রদত্ত আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, সূত্রোক্ত (৩) নং ক্রমিকে উল্লিখিত মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং- ১৩৭১৫/২০২২ তারিখ ৩১/০৮/২০২৩ ইং এর প্রদত্ত আদেশের বিরুদ্ধে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বাদী হয়ে মহামান্য সুপ্রীম কোর্টের এ্যাপিলিয়েট ডিভিশনে সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং-৪৫৪/২০২৪ দায়ের করেন। মহামান্য আপীল বিভাগ ১৩/০২/২০২৪ ইং তারিখে ওনানী অস্তে উক্ত সিভিল পিটিশনের রেসপনডেন্ট নং-১ জনাব, আতিকুর রহমান, প্রধান শিক্ষক, কোহিনুর জুট মিল হাই স্কুল, ঘাগটিয়া, রায়পুরা, নরসিংদী-কে তাঁর প্রতিষ্ঠানে অধ্যয়নরত (নবম ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ) শিক্ষার্থীদের কোহিনুর জুট মিল হাই স্কুল, গৌরীপুর, রায়পুরা, নরসিংদী (EIIN No-112788) এর মাধ্যমে অনলাইন রেজিস্ট্রেশন ও ফরম ফিলাপ (e-SIF & e-FF) করণসহ ২০২৪ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

এমতাবস্থায়, মহামান্য সুপ্রীম কোর্টের সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং-৪৫৪/২০২৪ তারিখ ১৩/০২/২০২৪ ইং এর প্রদত্ত আদেশ অনুসরণ করে নিম্নে উল্লিখিত প্রাপকগণকে (প্রযোজ্য ক্ষেত্রে যার যা করণীয়) কোহিনুর জুট মিল হাই স্কুল, ঘাগটিয়া, রায়পুরা, নরসিংদী-এ অধ্যয়নরত (নবম ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ) শিক্ষার্থীদের কোহিনুর জুট মিল হাই স্কুল, গৌরীপুর, রায়পুরা, নরসিংদী (EIIN No-112788) এর মাধ্যমে অনলাইন রেজিস্ট্রেশন ও ফরম ফিলাপ (e-SIF & e-FF) করণসহ ২০২৪ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী বিধায় আপনাদের সহযোগীতা প্রয়োজন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রাপক

- (i) জনাব, আতিকুর রহমান  
প্রধান শিক্ষক  
কোহিনুর জুট মিল হাই স্কুল, ঘাগটিয়া, রায়পুরা, নরসিংদী।
- (ii) প্রধান শিক্ষক/প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)  
কোহিনুর জুট মিল হাই স্কুল (EIIN No-112788)  
গৌরীপুর, রায়পুরা, নরসিংদী।

স্বা:


বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):


মেমো নং- ২৬৩৬ (১২)

তারিখ: ১৩/০২/২০২৪

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, রমনা, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, বাংলাদেশ, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, নরসিংদী।
- ৫। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (e-SIF এর মাধ্যমে রেজিস্ট্রেশন এবং e-FF এর মাধ্যমে ফরম পূরণের প্রয়োজনীয় কার্যার্থে)।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী।
- ৯। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, রায়পুরা থানা, রায়পুরা, নরসিংদী।
- ১১। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১২। অফিস কপি।

  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

  
13.02.24